# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
**আইসিটি অপারেশন বিভাগ।**

ফোন ঃ ৮৮-০২-২২৩৩৮৫৫৫৯; ই-মেইল ঃ dgmictop@krishibank.org.bd


নং-প্রকা/আইসিটি(অপা)/৯(বিবিধ)/অংশ-১/২০২২-২০২৩/৫৫২ তারিখঃ ২৬.১০.২০২২

মহাব্যবস্থাপক, প্রকা/সকল বিভাগীয় কার্যালয়/এলপিও/স্টাফ কলেজ
সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক, প্রকা, ঢাকা
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বিল পরিশোধে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সাম্প্রতিক সময়ে একটি প্রতারক চক্র বাংলাদেশ কৃষি ব্যাংকের নামে ভূয়া কার্যাদেশ এবং বিল (Invoice) প্রস্তত করে অত্র ব্যাংকের বিভিন্ন কার্যালয়/শাখায় প্রেরণপূর্বক তা বিভিন্ন Mobile Financial Service (বিকাশ/ নগদ/ রকেট) এর মাধ্যমে পরিশোধের জন্য অনুরোধ করছে। এছাড়া, অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ের বিভিন্ন কর্মকর্তার পরিচয় ব্যবহার করে ই-মেইল এবং টেলিফোনের মাধ্যমে বিল পরিশোধের অনুরোধ করা হচ্ছে; যা সম্পূর্ণ মিথ্যা। যেহেতু, ব্যাংকের যে কোন ক্রয় বিল সংশ্লিষ্ট ক্রয়কারী কার্যালয় এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পরিশোধ করা হয়ে থাকে, **এক্ষেত্রে শাখা হতে বিল পরিশোধের কোন সুযোগ নেই।**

০৩। এমতাবস্থায়, নিজ নিজ কার্যালয়/শাখার বিপরীতে সম্পাদিত বিভিন্ন পণ্য/ কার্যের বিল পরিশোধের পূর্বে যথাযথ সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো।

০৪। **বিষয়টি অতীব জরুরী।**

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
২৬/১০/২০২২

(মোঃ ফরিদ হাসান)
উপমহাব্যবস্থাপক (আইসিটি)

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্‌, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৪। নথি/মহানথি।

26/10/2022

(মোঃ আবদুছ ছালাম)
সহকারী মহাব্যবস্থাপক